# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৫৫. মা-বাপের সাথে সদাচরণ

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন,

وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا

বাপ মায়ের সাথে ইহসান[১] করো।[২]

وَوَصَّيْنَا الْإِنسَانَ بِوَالِدَيْهِ إِحْسَانًا

‘আমি মানুষকে উপদেশ দিয়েছি তার বাপ-মায়ের সাথে ইহসান (সদাচরণ) করার জন্য।[৩]

সূরা বানী ইসরাঈলে বলা হয়েছে,

وَقَضَىٰ رَبُّكَ أَلَّا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ وَبِالْوَالِدَيْنِ إِحْسَانًا ۚ إِمَّا يَبْلُغَنَّ عِندَكَ الْكِبَرَ أَحَدُهُمَا أَوْ كِلَاهُمَا فَلَا تَقُل لَّهُمَا أُفٍّ وَلَا تَنْهَرْهُمَا وَقُل لَّهُمَا قَوْلًا كَرِيمًا * وَاخْفِضْ لَهُمَا جَنَاحَ الذُّلِّ مِنَ الرَّحْمَةِ وَقُل رَّبِّ ارْحَمْهُمَا كَمَا رَبَّيَانِي صَغِيرًا

‘তোমার রব (প্রতিপালক) ফায়সালা করে দিয়েছেন, তাঁর ইবাদাত ছাড়া আর কারও ইবাদাত করা যাবে না। মা-বাবার সাথে ভালো ব্যবহার করবে। তোমাদের মাঝে যদি তাদের কোনো একজন কিংবা উভয়ে বৃদ্ধাবস্থায় থাকে তাহলে তুমি তাদেরকে উহ্ পর্যন্ত বলবে না। তাদেরকে তিরস্কার করবে না বরং তাদের সামনে বিশেষ মর্যাদার সাথে কথা বলবে। সারাক্ষণ বিনয় ও নম্রতার সাথে তাদের সামনে নত হয়ে থাকবে। আর এই দুআ করবে- হে আমার প্রতিপালক! তাদের প্রতি সেই রকম রহম করুন যেমন করে বাল্যকালে আমাকে প্রতিপালন করেছেন।[৪]

আবদুল্লাহ্ ইবনু মাসউদ (রাঃ) বলেছেন, আমি নবী করীম (সা.)-কে জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলাল্লাহ!

أي العمل أحب إلى الله عز وجل ؟ قال الصلاة لوقتها قلت ثم اي؟ قال بر الوالدين ثم قلت أى؟ قال الجهاد في سبيل الله.

‘আল্লাহর কাছে কোন কাজটি সবচেয়ে পছন্দনীয়? তিনি বললেন, সময় মত নামায পড়া। আমি আবার জিজ্ঞেস করলাম, তারপর কোনটি? তিনি বললেন- বাপ মায়ের সাথে ভালো ব্যবহার করা। আমি বললাম, তারপর কোনটি? তিনি বললেন- আল্লাহর পথে জিহাদ।[৫]

## ফুটনোট

[১]. আদল আর ইহসান প্রায় কাছাকাছি অর্থবোধক শব্দ। আদল অর্থ যে যেটুকু পাবার অধিকারী তাকে যথাযথভাবে সেটুকু পাওনা বুঝিয়ে দেয়া। আর ইহসান অর্থ পাওনাদার কিংবা হকদারকে তার অধিকারের চেয়ে

কিছু বেশী দেয়া। -অনুবাদক

[২]. সূরা আল বাকারা, আয়াত : ৮৩; সূরা আন নিসা, আয়াত : ৩৬; সূরা আল আনআম, আয়াত : ১৫১।

[৩]. সূরা আহকাফ, আয়াত : ১৫।

[৪]. সূরা বানী ইসরাঈল, আয়াত : ২৩, ২৪।

[৫]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12353

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন